



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৬১৬.২০২৩-২৫

তারিখ : ২৭ ফাল্গুন ১৪৩২  
১২ মার্চ ২০২৬

### বিজ্ঞপ্তি

**বিষয় :** সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” (৯ম গ্রেড) পদে সংরক্ষিত প্যানেল/অপেক্ষমাণ মেধা তালিকা থেকে প্রার্থী মনোনয়ন।

বিষয়ে উল্লিখিত পদে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক সংরক্ষিত প্যানেল/অপেক্ষমাণ মেধা তালিকা হতে নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সাময়িকভাবে (provisionally) মনোনয়ন প্রদান করেছে :

০১. সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” (৯ম গ্রেড) :

রেজিস্ট্রেশন নম্বর : 000929 = 01 জন

০২. সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” (৯ম গ্রেড) :

রেজিস্ট্রেশন নম্বর : 000107 = 01 জন

০৩. সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” (৯ম গ্রেড)

রেজিস্ট্রেশন নম্বর : 000436 = 01 জন

০২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে মনোনীত করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সকল সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

০৩. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে মনোনীত প্রার্থীদের পরবর্তীকালে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্রবিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৪. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক নিয়োগের মনোনয়নের পূর্ববর্তী জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় মনোনীত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

০৫. প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে।

  
১২/০৩/২০২৬  
দিলীপকুমার দুরদানা  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)